

ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬ : ৩৮

আরবি মূল আয়াত:

وَجَعَلْنَا فِيهَا جَنَّاتٍ مِّنْ نَّخِيلٍ وَأَعْنَابٍ وَفَجَّرْنَا فِيهَا مِنَ الْعُيُونِ

﴿ ৩৬ ﴾

অনুবাদসমূহ:

আর আমি তাতে খেজুর ও আঙ্গুরের বাগান তৈরী করেছি এবং তাতে কিছু ঝর্ণাধারা প্রবাহিত করি। — আল-বায়ান

আর আমি তাতে খেজুর ও আঙ্গুরের বাগান তৈরি করি, আর তাতে প্রবাহিত করি ঝর্ণাধারা। — তাইসিরুল

তাতে আমি সৃষ্টি করি খেজুর ও আঙ্গুরের উদ্যান এবং উৎসারিত করি প্রস্রবণ - — মুজিবুর রহমান

And We placed therein gardens of palm trees and grapevines and caused to burst forth therefrom some springs - — Sahih International

৩৮. আর সেখানে আমরা সৃষ্টি করি খেজুর ও আঙ্গুরের উদ্যান এবং সেখানে উৎসারিত করি কিছু প্রস্রবণ,

-

তাকসীরে জাকারিয়া

(৩৮) ওতে আমি সৃষ্টি করি খেজুর ও আঙ্গুরের বাগানসমূহ[1] এবং উৎসারিত করি বহু প্রস্রবণ।

[1] অর্থাৎ, মৃত পৃথিবীকে জীবিত করে আমি তা থেকে তাদের খাবারের নিমিত্তে শুধু ফসলই উৎপন্ন করিনি, বরং তাদের কাজ ও মুখের তৃপ্তির জন্য বিভিন্ন রকমের ফল অধিক মাত্রায় সৃষ্টি করেছি। এই আয়াতে শুধু দুই প্রকার ফলের কথা উল্লেখ হওয়ার কারণ হল, উক্ত ফল দুটি খুবই উপকারী এবং আরবদের নিকট অতি পছন্দনীয়ও বটে। তাছাড়া এই দুই ফলের গাছ আরব্য-ভূমিতেই অধিক হারে পাওয়া যায়। ফসলের উল্লেখ আগে করেছেন। কারণ ফসল অধিক পরিমাণে উৎপন্ন হয়ে থাকে এবং মানুষের খোরাকের দিক দিয়েও ফসলের গুরুত্ব অনস্বীকার্য। মানুষ যতক্ষণ ভাত-রুটি ইত্যাদি খাবার পেট পূর্ণ করে না খায়, ততক্ষণ শুধু ফল-ফুট দ্বারা খাবারের প্রয়োজন পূর্ণ হয় না।

তাকসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন